

“উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়,
দেশ গড়বো সমাজসেবায়”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
দুপচাঁচিয়া, বগুড়া
www.dss.dupchanchia.bogra.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.১০৩৩.০০০.১৬.০১২.২৩.২১২(ক)

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩০
১৬ জুলাই ২০২৩

বিষয়: সমাজসেবা অধিদফতর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীর লাইভ ভেরিফিকেশন।

সূত্র: ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০.৫৩৮ তারিখ: ২৬ জুন ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্কভাতাসহ অন্যান্য ভাতাসমূহের মধ্যে কোনো উপকারভোগী মৃত্যুবরণ করলে, বিধবা ভাতার ক্ষেত্রে কোনো উপকারভোগী পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হলে যথাসময়ে এসকল ভাতা প্রতিস্থাপনের নির্দেশনা রয়েছে কিন্তু মোবাইল আর্থিক প্রতিষ্ঠান নগদ-এর মাধ্যমে ইএফটি প্রক্রিয়ায় ভাতা প্রদানের কারণে অনেক সময় মৃত ও বিধবা ভাতার ক্ষেত্রে পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ ভাতাভোগীর তথ্য যথাসময়ে পাওয়া যায় না ফলে উপকারভোগীর মৃত্যু/ পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার পরও তীর হিসাবে ভাতার টাকা ছাড় হতে পারে। অধিকন্তু সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন মৃত ভাতাভোগী এবং পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ বিধবা উপকারভোগীর হিসাব নম্বরে টাকা ছাড় হচ্ছে মর্মে সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর কর্তৃক অবহিত করা হয়েছে। এছাড়া মোবাইল নম্বর নিষ্ক্রিয় বা সঠিক না হওয়া, PIN Code ভুলে যাওয়া বা অন্য ব্যক্তির জেনে যাওয়া বা কোনো ডিজিটাল প্রত্যাক-কে OTP শেয়ার করা ইত্যাদি কারণেও কোনো কোনো ভাতাভোগী তীদের ভাতা হতে বঞ্চিত হচ্ছেন।

বর্ণিতাবস্থায়, উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়ার ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির পে-রোল প্রদানের পূর্বে প্রতিটি ইউনিয়নে ওয়ার্ডভিত্তিক উপকারভোগীর লাইভ ভেরিফিকেশন করা হবে এবং লাইভ ভেরিফিকেশনে প্রাপ্ত মৃত উপকারভোগী ও পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ বিধবা উপকারভোগীর পরিবর্তে নীতিমালা অনুযায়ী যোগ্য উপকারভোগী প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভাতাভোগীদেরকে ডিজিটাল প্রত্যারণ সম্পর্কে সচেতন করা হবে।

উপরোক্ত বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণার উদ্যোগ গ্রহণ করা, সংযুক্ত সময়সূচি অনুযায়ী নির্ধারিত দিনে ভাতাভোগীদেরকে নির্ধারিত স্থানে হাজির করা, প্রয়োজনীয় সংখ্যক গ্রাম পুলিশ সরবরাহ করা এবং অন্যান্য সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ভাতাভোগীকে যে সকল কাগজপত্র/তথ্যাদি সাথে নিয়ে আসতে হবে:


- ১। ভাতা বহি
- ২। জাতীয় পরিচয়পত্র বা NID কার্ডের ফটোকপি
- ৩। ভাতা উত্তোলনের জন্য যে নগদ হিসাব নম্বর দেওয়া আছে মোবাইল ফোনসহ সেই নগদ হিসাব নম্বর

জন্মনির্দেশনা:

- ১। ভাতাভোগীকে আবশ্যিকভাবে স্বশরীরে নির্ধারিত স্থানে উপস্থিত হতে হবে।
- ২। কোনো ভাতাভোগী অনুপস্থিত থাকলে তীর ভাতা স্থগিত রাখা হবে।

সংযুক্তি:

- ১। লাইভ ভেরিফিকেশনের সময়সূচি



(মোঃ ফিরোজশাহ)

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন: ০২৫৮৯১১১২৪

ইমেইল: usso.dhubchanchia@dss.gov.bd

মেয়র/চেয়ারম্যান

..... পৌরসভা/ইউনিয়ন


দুপচাঁচিয়া, বগুড়া

স্মারক নম্বর: ৪১.০১.১০৩৩.০০০.১৬.০১২.২৩.২১২(ক)

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩০
১৬ জুলাই ২০২৩

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৬। ইউপি সদস্য/পৌর কাউন্সিলর (সকল), ইউনিয়ন/পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৭। অফিস কপি।




(মোঃ ফিরোজশাহ)

উপজেলা সমাজসেবা অফিসার

বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন-এর স্থান ও সময়সূচি:

ক্র. নম্বর	ইউনিয়ন/পৌরসভা	ওয়ার্ড নম্বর	তারিখ	বার	সময়	স্থান
১	চামরুল	১, ২, ৩	২৪ জুলাই ২০২৩	সোমবার	সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত	চামরুল ইউনিয়ন পরিষদ
২		৪, ৫, ৬	২৫ জুলাই ২০২৩	মঙ্গলবার		
৩		৭, ৮, ৯	২৬ জুলাই ২০২৩	বুধবার		
৪	জিয়ানগর	১, ২, ৩	২৪ জুলাই ২০২৩	সোমবার		জিয়ানগর ইউনিয়ন পরিষদ
৫		৪, ৫, ৬	২৫ জুলাই ২০২৩	মঙ্গলবার		
৬		৭, ৮, ৯	২৬ জুলাই ২০২৩	বুধবার		
৭	দুপচাঁচিয়া ইউনিয়ন	১, ২, ৩	৩০ জুলাই ২০২৩	রবিবার		দুপচাঁচিয়া ইউনিয়ন পরিষদ
৮		৪, ৫, ৬	৩১ জুলাই ২০২৩	সোমবার		
৯		৭, ৮, ৯	০১ আগস্ট ২০২৩	মঙ্গলবার		
১০	দুপচাঁচিয়া পৌরসভা	১, ২, ৩	৩০ জুলাই ২০২৩	রবিবার		দুপচাঁচিয়া পৌরসভা কার্যালয়
১১		৪, ৫, ৬	৩১ জুলাই ২০২৩	সোমবার		
১২		৭, ৮, ৯	০১ আগস্ট ২০২৩	মঙ্গলবার		
১৩	তালোড়া ইউনিয়ন	১, ২, ৩	০২ আগস্ট ২০২৩	বুধবার		তালোড়া ইউনিয়ন পরিষদ
১৪		৪, ৫, ৬	০৬ আগস্ট ২০২৩	রবিবার		
১৫		৭, ৮, ৯	০৭ আগস্ট ২০২৩	সোমবার		
১৬	গুনাহার	১, ২, ৩	০২ আগস্ট ২০২৩	বুধবার		গুনাহার ইউনিয়ন পরিষদ
১৭		৪, ৫, ৬	০৬ আগস্ট ২০২৩	রবিবার		
১৮		৭, ৮, ৯	০৭ আগস্ট ২০২৩	সোমবার		
১৯	তালোড়া পৌরসভা	১, ২, ৩	০৮ আগস্ট ২০২৩	মঙ্গলবার		তালোড়া পৌরসভা কার্যালয়
২০		৪, ৫, ৬	০৯ আগস্ট ২০২৩	বুধবার		
২১		৭, ৮, ৯	১৩ আগস্ট ২০২৩	রবিবার		
২২	গোবিন্দপুর	১, ২, ৩	০৮ আগস্ট ২০২৩	মঙ্গলবার		গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ
২৩		৪, ৫, ৬	০৯ আগস্ট ২০২৩	বুধবার		
২৪		৭, ৮, ৯	১৩ আগস্ট ২০২৩	রবিবার		


২৫/০৭/২৬